بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

১৮ আষাঢ় ১৪১৭
০২ জুলাই ২০১০

বাণী

মুক্তধারা ফাউন্ডেশন উত্তর আমেরিকার নিউইয়র্কে চারদিন ব্যাপী 'আন্তর্জাতিক বাংলা উৎসব ২০১০ এবং ১৯তম বইমেলা'র আয়োজন করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এ উপলক্ষে আমি আয়োজক কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই এবং উত্তর আমেরিকায় বসবাসরত সকল বাঙালিকে জানাই অভিনন্দন।

আমরা বাঙালি। বাংলা আমার মায়ের ভাষা। বাংলা আমার প্রাণের ভাষা। বাংলা ভাষায় রচিত প্রবন্ধ, কবিতা ও গান অত্যন্ত উন্নতমানের। তাই বিশ্ব সাহিত্যে বাংলা ভাষার স্থান সুমহান মর্যাদায় সুপ্রতিষ্ঠিত। শ্রুতি মাধুর্য্যের দিক দিয়েও বাংলা ভাষার অবস্থান প্রথমদিকে। সুতরাং একটি মর্যাদাপূর্ণ ও সমৃদ্ধ সংস্কৃতির গর্বিত উত্তরাধিকার আমরা। এ জন্যই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন, 'আমি বাঙালি, বাংলা আমার ভাষা, বাংলা আমার দেশ'। বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা ছাড়াও পৃথিবীর নানা দেশে আজ বাংলা ভাষাভাষি মানুষ ছড়িয়ে পড়েছে। ভিন্ন ভাষা ও সংস্কৃতির মধ্যে অবস্থান করলেও তাঁদের শেকড় প্রোথিত রয়েছে নিজস্ব ভাষা, সংস্কৃতি ও ঐতিহ্যের মধ্যে। প্রবাসে বিশেষত উত্তর আমেরিকায় বাংলা ভাষার চর্চা ও উন্নয়ন এবং বাংলা ভাষাভাষি মানুষের মধ্যে যোগাযোগ ও সম্প্রীতি সৃষ্টিতে মুক্তধারা ফাউন্ডেশন যে উদ্যোগ নিয়েছে তা সত্যিই প্রশংসনীয়। তারা প্রবাসে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করে আসছে জেনে আমি খুশি হয়েছি। বাংলার কবি, সাহিত্যিক, লেখক, বুদ্ধিজীবীদের পদচারণা এবং উত্তর আমেরিকার প্রবাসী বাঙালিদের অংশগ্রহণে 'আন্তর্জাতিক বাংলা উৎসব ২০১০' মুখরিত হয়ে ওঠুক, বিশ্বব্যাপী বাংলা ভাষা ও সংস্কৃতির বিস্তার ঘটুক-এই কামনা করি।

আমি মুক্তধারা ফাউন্ডেশন আয়োজিত 'আন্তর্জাতিক বাংলা উৎসব ২০১০ এবং ১৯তম বইমেলা'র সার্বিক সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

জিল্লুর রহমান

মোঃ জিল্লুর রহমান